# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৮৬/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার, ২২ মার্চ ২০১৮, ৮ চৈত্র ১৪২৪**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :**

১। সমুদ্রসম্পদ কাজে লাগাতে দক্ষতার সঙ্গে কাজ করুন : নৌবাহিনীর সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী

২। দেশের জন্য যেকোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত : চট্টগ্রামে জনসভায় প্রধানমন্ত্রী

৩। উন্নয়নশীর দেশের যোগ্যতা অর্জনে প্রধানমন্ত্রীর সংবর্ধনা আজ

৪। উন্নয়নশীল দেশে উত্তরণে চ্যালেঞ্জ থাকলেও সম্ভাবনাই বেশি : সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী

৫। বাংলাদেশ-ভারত সম্পর্ক এখন নতুন উচ্চতায় : নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠকে বাণিজ্যমন্ত্রী

৬। জাতীয় সংসদের ২০তম অধিবেশন শুরু আগামী ৮ এপ্রিল

৭। দেশের প্রথম বর্জ্য বিদ্যুৎকেন্দ্র হচ্ছে নারায়ণগঞ্জে

৮। উন্নয়নশীল দেশে উত্তরণ উপলক্ষে ৭০ টাকার স্মারক নোট আসছে আজ

৯। চলে গেলেন বীরপ্রতিক কাঁকন বিবি

১০। স্বাধীন বাংলা ফুটবল দলের খেলোয়াড় তসলিম শেখের চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর সহায়তা প্রদান

চলমান পাতা-২

**১। সমুদ্রসম্পদ কাজে লাগাতে দক্ষতার সঙ্গে কাজ করুন : নৌবাহিনীর সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে দক্ষতার সঙ্গে বিপুল সমুদ্রসম্পদ আহরণের মাধ্যমে তা কাজে লাগানোর জন্য বাংলাদেশ নৌবাহিনীর সদস্যদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, 'প্রতিবেশী দেশসমূহের সঙ্গে শান্তিপূর্ণভাবে সমুদ্রসীমা নির্ধারণের ফলে আমরা অর্জন করেছি প্রাকৃতিক সম্পদে পরিপূর্ণ বিশাল এক সমুদ্র এলাকা। এ বিস্তৃত সমুদ্রসম্পদকে দেশের অর্থনৈতিক উন্নয়নে কাজে লাগাতে নৌবাহিনীকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। দেশের ব্লু ইকোনমির বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে কাজ করতে হবে।' তিনি বলেন, 'আমি আশা করি, মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে আপনারা অর্পিত দায়িত্ব সফল ও নিরাপদভাবে পালন করবেন।' গতকাল (২১ মার্চ বুধবার) চট্টগ্রামে বাংলাদেশ নেভাল একাডেমির বানৌজা ঈসা খান প্যারেড গ্রাউন্ডে বিএন ডকইয়ার্ডকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান এবং বঙ্গবন্ধু কমপ্লেক্স উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**২। দেশের জন্য যেকোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত : চট্টগ্রামে জনসভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বুকের রক্ত দিয়ে হলেও দেশের মানুষের অধিকার প্রতিষ্ঠা করব। জনগণের জন্য আমি যেকোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত। আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে এ দেশে প্রতিটি মানুষ শিক্ষা পাবে, চিকিৎসা পাবে। একটি মানুষও গৃহহীন থাকবে না। সবাই সুন্দর জীবন পাবে, উন্নতভাবে বাঁচবে। গতকাল (২১ মার্চ বুধবার) চট্টগ্রামের পটিয়ায় এক বিশাল জনসভায় তিনি এসব কথা বলেন। পটিয়া আদর্শ উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত জনসভার আগে চট্টগ্রামকে ঘিরে নেওয়া ১৪ হাজার কোটি টাকার ৪১টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন তিনি। **সূত্র-সমকাল (পৃ.১,ক.২), যুগান্তর (পৃ,১.ক ৪), অবজারভার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৩। উন্নয়নশীল দেশের যোগ্যতা অর্জনে প্রধানমন্ত্রীর সংবর্ধনা আজ**

স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের অভিযাত্রায় দ্রুতগতিতে এগিয়ে চলেছে বাংলাদেশ। এলডিসি থেকে বেরিয়ে বাংলাদেশ এখন মধ্যম আয়ের দেশের তালিকায় উঠে এসেছে। জাতিসংঘ কর্তৃক উন্নয়নশীল দেশের যোগ্যতা অর্জনের এ উত্তরণ সুপারিশপত্র প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে আজ (২২ মার্চ বৃহস্পতিবার) আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হবে। এ উপলক্ষে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে প্রধানমন্ত্রীকে সংবর্ধনা দেওয়ার ব্যাপক প্রস্তুতি নিয়েছে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)। গত ২০ মার্চ থেকে দেশব্যাপী পালন করা হচ্ছে সেবা সপ্তাহ। বিভিন্ন মন্ত্রণালয়, অধিদফতর ও বিভাগগুলো দিনব্যাপী আজ উৎসব উদ্‌যাপনের প্রস্তুতি নিয়েছে। বিকেল ৪টায় শুরু হবে বর্ণাঢ্য শোভাযাত্রা। **সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.১), যুগান্তর (পৃ,১.ক ৮), অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৪। উন্নয়নশীল দেশে উত্তরণে চ্যালেঞ্জ থাকলেও সম্ভাবনাই বেশি : সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী**

স্বল্পোন্নত (এলডিসি) থেকে উন্নয়নশীল দেশ হওয়ার যোগ্যতা অর্জনের পর দেশের সামনে সম্ভাবনা ও চ্যালেঞ্জ দুটোই দেখছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তবে তাঁর দৃষ্টিতে সম্ভাবনাই বেশি। সম্ভাবনাগুলো কাজে লাগাতে দক্ষতা অর্জনের পাশাপাশি মানসিকতারও উন্নয়ন ঘটাতে হবে বলে মনে করেন তিনি। একইসঙ্গে চ্যালেঞ্জ মোকাবিলায় বিদেশি ঋণ গ্রহণ ও ব্যবহারে সতর্ক হওয়ার পাশাপাশি উৎপাদনশীলতা বাড়াতে হবে বলে মনে করেন অর্থমন্ত্রী। গতকাল (২১ মার্চ বুধবার) সচিবালয়ে 'স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণ' শীর্ষক এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**৫। বাংলাদেশ-ভারত সম্পর্ক এখন নতুন উচ্চতায় : নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠকে বাণিজ্যমন্ত্রী**

বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্ক এখন নতুন উচ্চতায়। এ সম্পর্ক দিন দিন আরও শক্তিশালী হচ্ছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের সঙ্গে ভারতের পারস্পরিক বিশ্বাস ও সম্পর্কের উন্নয়ন ঘটেছে। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আগ্রহ ও আন্তরিক প্রচেষ্টায় দ্বিপক্ষীয় সম্পর্কের অনেক উন্নতি হয়েছে। দীর্ঘদিনের দু'দেশের সীমানা সমস্যার শান্তিপূর্ণ সমাধান হয়েছে। বাংলাদেশের ঘনিষ্ঠ ও বিশ্বস্ত বন্ধু ভারত। স্বাধীনতা যুদ্ধের সময় ভারতের সহযোগিতার কথা বাংলাদেশের মানুষ কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করে। ভারতের নয়াদিল্লিতে গতকাল (২১ মার্চ বুধবার) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে অন্যান্য দেশের মন্ত্রীদের এক মতবিনিময় সভায় এসব কথা বলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৪)।

**৬। জাতীয় সংসদের ২০তম অধিবেশন শুরু আগামী ৮ এপ্রিল**

চলতি দশম জাতীয় সংসদের ২০তম অধিবেশন শুরু হচ্ছে আগামী ৮ এপ্রিল রোববার। ওইদিন বিকাল ৫টায় অধিবেশন ডেকেছেন মোঃ রাষ্ট্রপতি আবদুল হামিদ। গতকাল (২১ মার্চ বুধবার) সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৭)।

**৭। দেশের প্রথম বর্জ্য বিদ্যুৎকেন্দ্র হচ্ছে নারায়ণগঞ্জে**

দেশের প্রথম বর্জ্যভিত্তিক বিদ্যুৎকেন্দ্র হচ্ছে নারায়ণগঞ্জে। এ প্রকল্প বাস্তবায়নে নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সঙ্গে সমঝোতাস্মারক স্বাক্ষর করেছে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি)। এর মধ্য দিয়ে বিদ্যুৎ উৎপাদনের নতুন অধ্যায়ে প্রবেশ করতে যাচ্ছে বাংলাদেশ। ইতোমধ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রকল্প বাস্তবায়নে ১০ একর জমি বরাদ্দের অনুমতি দিয়েছেন। সূত্র-**যুগান্তর** (পৃ,১৭.ক ৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৪)।

**৮। উন্নয়নশীল দেশে উত্তরণ উপলক্ষে ৭০ টাকার স্মারক নোট আসছে আজ**

স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উন্নয়নশীল দেশে উত্তরণ অভিযাত্রার গৌরবোজ্জ্বল মুহূর্তকে স্মরণীয় করে রাখার জন্য বাংলাদেশ ব্যাংক 'উন্নয়ন অভিযাত্রায় বাংলাদেশ-মার্চ ২০১৮' শীর্ষক একটি স্মারক নোট ইস্যু করতে যাচ্ছে। আজ ২২ মার্চ বৃহস্পতিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ স্মারক নোট অবমুক্তকরণ কার্যক্রম উদ্বোধন করবেন। ফোল্ডার ছাড়া খামসহ নোটের মূল্য নির্ধারণ করা হয়েছে ৭০ টাকা এবং দৃষ্টিনন্দন ফোল্ডার ও খামসহ স্মারক নোটটির মূল্য নির্ধারণ করা হয়েছে ২০০ টাকা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **জনকণ্ঠ (পৃ.১৮,ক.১), এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫)।

**৯। চলে গেলেন বীরপ্রতীক কাঁকন বিবি**

একাত্তরে অনন্য সাহসের দৃষ্টান্ত স্থাপনকারী মুক্তিযোদ্ধা কাঁকন বিবি বীরপ্রতীক আর নেই। গতকাল (২১ মার্চ বুধবার) রাতে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মুক্তিযুদ্ধের সময় তিনি পাকিস্তানি বাহিনীর বিপক্ষে মুক্তিবাহিনীর হয়ে শুধু গুপ্তচর হিসেবেই কাজ করেননি, করেছেন সম্মুখ যুদ্ধও। প্রায় ২০টি যুদ্ধে সক্রিয়ভাবে অংশ নেন তিনি। মুক্তিযুদ্ধে অসামান্য অবদানের জন্য ১৯৯৬ সালে তাঁকে বীরপ্রতীক খেতাব দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,.ক ৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৪)।

**১০। স্বাধীন বাংলা ফুটবল দলের খেলোয়াড় তসলিম শেখের চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর সহায়তা প্রদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বাধীন বাংলা ফুটবল দলের খেলোয়াড় তসলিম শেখের চিকিৎসার খরচ এবং অন্যান্য পারিবারিক প্রয়োজন মেটাতে তাঁকে সহায়তায় ৩৫ লাখ টাকা প্রদান করেছেন। তসলিম শেখ গত ১২ বছর ধরে বিভিন্ন জটিল রোগে ভুগছেন। গত ১৯ মার্চ সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর হাতে এ সহায়তার চেকটি তুলে দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** দেশের অধিকাংশ হাসপাতাল, ক্লিনিক ও ডায়গনস্টিক সেন্টার চিকিৎসা বর্জ্যের সঠিক ব্যবস্থাপনা বিধি মেনে না চলায় জনস্বার্থে একটি সমন্বিত ও সুশৃঙ্খল বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ** : শিক্ষাপ্রতিষ্ঠান অনুমোদনে অব্যবস্থাপনা দূর করতে সুনির্দিষ্ট ‘অ্যাকশন প্ল্যান’ মেনে সমন্বয়ের ভিত্তিতে স্কুল অনুমোদন করা হলে দুর্নীতি ও অব্যবস্থাপনা কমে আসবে বলে প্রত্যাশা।

গ. **সমকাল, যায়যায়দিন :** বিবিএস এর সর্বশেষ শ্রমশক্তি জরিপের ফলাফল তুলে ধরে বেকার সমস্যার সমাধানে সরকারি-বেসরকারি পর্যায়ে নানা উদ্যোগ নেওয়ার আহ্বান।

ঘ. **প্রথম আলো** : ঢাকা-ভোলা নৌপথে আদালতের নির্দেশ অমান্য করে ৮টির পরিবর্তে চারটি লঞ্চ ছাড়ায় যাত্রীদের দুর্ভোগ তুলে ধরে ভোগান্তি দূর করতে আদালতের নির্দেশনা যথাযথভাবে কার্যকরের সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট** : ভূ-গর্ভস্থ পানির ওপর নির্ভরতা কমিয়ে ২০২১ সালের মধ্যে ভূ-উপরিস্থ পানির দ্বারাই ৭০ শতাংশ পানি সরবরাহ করার ঢাকা ওয়াসার উদ্যোগের সাফল্যের প্রত্যাশা।

চ. **ডেইলি স্টার, অবজারভার** : পুরনো ঢাকার হৃষিকেশ দাস রোডের ঐতিহাসিক স্থাপনা ভাঙা বন্ধে হাইকোর্টের নিষেধাজ্ঞা যথাযথভাবে প্রয়োগসহ রাজধানীর সব প্রত্নতাত্ত্বিক প্রাচীন স্থাপনাগুলো সুরক্ষায় সমন্বিত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস** : কারাবন্দি মায়ের সাথে বন্দি বাচ্চারা প্রতিকূল পরিবেশে বেড়ে ওঠার মত অমানবিক বিষয় তুলে ধরে এসব বন্দিদের জন্য পৃথক সংশোধনাগারের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি সান** : রাজধানীর সড়ক-মহাসড়কের পাশের ফুটপাতে বৈদ্যুতিক খুঁটিতে অসংখ্য বৈদ্যুতিক ক্যাবল ঝুলে থাকার বিপজ্জনক চিত্র তুলে ধরে পথচারীদের জান-মালের নিরাপত্তায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত এ বিষয়ে পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে টেকসই কৃষি উন্নয়নের পথের প্রতিবন্ধক মানবসৃষ্ট কারণগুলোর ব্যাপারে প্রতিকারমূলক ও প্রাকৃতিক কারণগুলোর মোকাবিলায় উপযুক্ত ব্যবস্থা নিলে টেকসই উন্নয়ন, খাদ্য নিরাপত্তা ও দারিদ্র্যবিমোচন সম্ভব হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **‘পানিচিন্তায় মৌলিক পরিবর্তন চাই’** শিরোনামের নিবন্ধে পানি ব্যবস্থাপনায় মৌলিক পরিবর্তন আনা জরুরি বলে মত প্রকাশ করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা